



লালমাটিয়া সরকারি মহিলা কলেজ

(আবাসিক/অনাবাসিক)

ফোন : ০২-৪৮১২০৭৯২, ০২-৪৮১১৮৫৪৩ মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০
কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : www.lalmatiamohilacollege.edu.bd

একাদশ শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

শিক্ষাবর্ষ : ২০২২-২০২৩

জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক কলেজ র্যাংকিং-এ জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ এবং মডেল কলেজ হিসেবে নির্বাচিত লালমাটিয়া সরকারি মহিলা কলেজে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য ০৮/১২/২০২২ থেকে ১৫/১২/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত অনলাইনে আবেদন করা যাবে। কলেজ অভ্যন্তরে অনলাইনে আবেদন করার সু-ব্যবস্থা রয়েছে।

আবেদনের যোগ্যতা :

২০২০, ২০২১ ও ২০২২ সালে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ ন্যূনতম নিম্নরূপ জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।

বিভাগ	ভার্সন	আসন সংখ্যা	ন্যূনতম জিপিএ
বিজ্ঞান	বাংলা	৩০০	৫.০০
ব্যবসায় শিক্ষা	বাংলা	১৫০	৩.৫০
মানবিক	বাংলা	২০০	৩.০০


ভর্তির বিস্তারিত তথ্য ঢাকা শিক্ষা বোর্ডের ওয়েব সাইট www.dhakaeducationboard.gov.bd এবং কলেজের ওয়েব সাইট www.lalmatiamohilacollege.edu.bd ও কলেজ অফিস থেকে জানা যাবে।


বিকাশ/নগদ/রকেট/সোনালী ব্যাংক/উপায়/ট্যাপ/ওকে ওয়ালেট এর (নেট) আবেদন ফি ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা জমা দেয়ার পর ওয়েব সাইট www.xiclassadmission.gov.bd এ গিয়ে “Apply online” Button এ ক্লিক করে আবেদন করতে হবে।

ভর্তির ফলাফল ৩টি পর্যায়ে বোর্ড কর্তৃক প্রক্রিয়াকরণ হবে। একজন শিক্ষার্থী তার মেধা ও পছন্দক্রমানুযায়ী একটি মাত্র কলেজের জন্য নির্বাচিত হবে। নির্বাচিত শিক্ষার্থীকে নিজেই অনলাইনে বোর্ডের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি বাবদ ৩২৮/- (তিনশত আটাশ) টাকা জমা দিয়ে ভর্তির প্রাথমিক নিশ্চয়ন করতে হবে। একজন শিক্ষার্থী সর্বোচ্চ দুই বার স্বয়ংক্রিয়ভাবে মাইগ্রেশনের জন্য বিবেচিত হবে, এক্ষেত্রে মাইগ্রেশন সর্বদাই শিক্ষার্থীর পছন্দক্রমানুসারে উপরের দিকে হবে।

ভর্তির তারিখ : ২২/০১/২০২৩ (রবিবার) থেকে ২৬/০১/২০২৩ খ্রি: তারিখ (বুধবার) পর্যন্ত।

- ☐ উচ্চ মাধ্যমিক শ্রেণিতে প্রতি বছর প্রায় শতভাগ পাশের হার অর্জনকারী এ কলেজের বিশেষ বৈশিষ্ট্য : মাল্টিমিডিয়া পদ্ধতিতে পাঠদান, অনলাইন ম্যানেজমেন্ট সিস্টেম, প্রতি ১০-১২ জন শিক্ষার্থীর জন্য একজন গাইড শিক্ষক, ১১০০ আসন বিশিষ্ট নিরাপদ ও স্বল্প ব্যয়ে আবাসিক সুবিধা, আধুনিক গবেষণাগার, স্বাস্থ্যসম্মত ক্যান্টিন, জিমনেসিয়াম, অত্যাধুনিক অডিটোরিয়াম, প্রশস্ত খেলার মাঠ, দেশী-বিদেশী বই সমৃদ্ধ আধুনিক লাইব্রেরি।
- ☐ সুবিধাসমূহ: শিক্ষার্থীদের ইংরেজি, আইসিটি, সফটওয়্যারসহ বিভিন্ন দক্ষতা উন্নয়নমূলক বিষয়ে ট্রি প্রশিক্ষণ প্রদান করা হয়। বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা, বিজ্ঞান মেলা, রেঞ্জার ক্লাব, রোভার ক্লাব, বিতর্ক প্রতিযোগিতাসহ সকল সহশিক্ষা কার্যক্রমের বিভিন্ন ইভেন্টে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী শিক্ষার্থীদের মেধাবী হিসেবে চিহ্নিত করে বিনা বেতন ও অর্ধ বেতনে লেখাপড়ার সুযোগ, স্টুডেন্ট ওয়েল ফেয়ার কর্ণারে পার্ট টাইম কর্মসংস্থানের সুযোগ রয়েছে।


অধ্যক্ষ
লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭


০৮/১২/২০২২

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।

২০২১ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার শাখাওয়ারী ফলাফল:

শাখার নাম	পরীক্ষার্থীর সংখ্যা	জিপিএ						মোট উত্তীর্ণ	শতকরা হার
		এ(+)	এ	এ(-)	বি	সি	ডি		
বিজ্ঞান	২১২	১২৯	৭৬	০৩	-	-	-	২০৮	৯৮.১১%
মানবিক	১২১	১৪	৯৩	১৩	-	-	-	১২০	৯৯.১৭%
ব্যবসায় শিক্ষা	৩৩	১০	২১	০১	-	-	-	৩২	৯৬.৯৭%
মোট =	৩৬৬	১৫৩	১৯০	১৭	-	-	-	৩৬০	৯৮.৩৬%

☑ ঢাকা বোর্ডের পাসের হার: ৯৬.২০ %

☑ কলেজের পাসের হার: ৯৮.৩৬%


বি. দ্র. উক্ত শিক্ষার্থীদের মধ্যে এসএসসি পরীক্ষায় জিপিএ ৫.০০ পেয়ে ভর্তি হয়েছিল ৩২ জন শিক্ষার্থী।

অত্র কলেজে এইচএসসি তে জিপিএ ৫.০০ পেয়েছে ১৫৩ জন শিক্ষার্থী।

এসএসসি অপেক্ষায় এইচএসসিতে জিপিএ ৫.০০ বেশী পেয়েছে ১২১ জন শিক্ষার্থী।


অধ্যক্ষ ০৮/২৭/২২

লালমাটিয়া সরকারি মহিলা কলেজ
লালমাটিয়া, ঢাকা-১২০৭।


০৮/২২/২০২২